

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আইন শাখা
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর- ৩৪৪

তারিখ: ০৮ জুন ২০২৫

পরিপত্র

বিষয়: সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ১১৯(৪) স্পষ্টীকরণ।

সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১১৯ (৪) বিধিতে উল্লিখিত 'নির্বাহী আদেশ' বলিতে কোন্ কোন্ আদেশকে এবং পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ বলিতে কোন্ কোন্ কর্তৃপক্ষকে বুঝানো হইয়াছে সে সম্পর্কে একাধিক পত্র ইতঃপূর্বে জারি করা হইয়াছে।


০২। এমতাবস্থায় বিষয়টি সুনির্দিষ্ট করিবার জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হইল:

ক) সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এ উল্লিখিত নির্দিষ্ট আদেশ বা সিদ্ধান্ত ব্যতীত অন্যান্য সকল আদেশ এবং ধারা-৫৩ (ঙ) (চ) মোতাবেক সমবায় সমিতির নিবন্ধন বাতিল সংক্রান্ত আদেশ 'নির্বাহী আদেশ' হিসাবে গণ্য হইবে;

খ) 'আদেশ দানকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ' বলিতে আদেশ দানকারী কর্তৃপক্ষের পরবর্তী প্রশাসনিক উর্ধ্বতন কর্তৃপক্ষকে বুঝাইবে। এক্ষেত্রে সমবায় অধিদপ্তরের কর্মবন্টন সংক্রান্ত আদেশ নং- ১২০১-এ/ও; তারিখ- ২৯/০৮/২০০৭ মোতাবেক জারিকৃত উপনিবন্ধক (বিচার) এর ক্ষমতা ও দায়িত্ব সংক্রান্ত ২ নং ক্রমিকের '৫৩ ধারায় নিবন্ধন বাতিল আদেশের বিরুদ্ধে' অংশটুকু এতদ্বারা বাতিল করা হইল;

উক্ত নির্দেশনা জারির পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে এ দপ্তর হইতে এ সংক্রান্ত বিষয়ে জারিকৃত সকল নির্দেশনা বাতিল বলিয়া গণ্য হইবে।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মোঃ শরিফুল ইসলাম

নিবন্ধক ও মহাপরিচালক

সমবায় অধিদপ্তর, ঢাকা

ফোন: ০২৪৮১১৯৩০৫

ই-মেইল: reg.dg@coop.gov.bd

বিতরণঃ

০১। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)/(সমিতি ব্যবস্থাপনা)/(নিরীক্ষা ও আইন)/(ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।

০২। অধ্যক্ষ, অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ি, কুমিল্লা।

০৩। যুগ্মনিবন্ধক (সকল).....সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা / চট্টগ্রাম / খুলনা / রাজশাহী / রংপুর / বরিশাল / সিলেট/ ময়মনসিংহ।

০৫। উপনিবন্ধক (সকল).....সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৬। জেলা সমবায় কর্মকর্তা (সকল).....। (তঁর জেলাধীন সকল উপজেলা/মেট্রোথানা সমবায় কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)